**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ** **Website: www.bb.org.bd**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**১৬ আষাঢ়, ১৪২৩**
**তারিখ ঃ -----------------**
**৩০ জুন, ২০১৬**

**বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**ব্যাংকের ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

ব্যাংকের শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ- ৫ জুলাই, ২০১৫ এবং আইটি সম্পর্কিত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার জন্য বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ- ১৭ সেপ্টেম্বর, ২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইনের এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সাম্প্রতিক সময়ে সংঘটিত কিছু চুরি, ডাকাতিসহ অনাকাঙ্খিত ঘটনা ও সাইবার অপরাধের প্রেক্ষিতে, ব্যাংক-কোম্পানীসমূহের ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা আরও জোরদার করা প্রয়োজন। বিশেষভাবে, আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে এ বছরের সরকারী ছুটি দীর্ঘ হওয়ায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার আবশ্যকতা দেখা দিয়েছে।

০৩। এতদ্‌প্রেক্ষিতে, আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের প্রধান কার্যালয়, শাখা অফিসসহ সকল ব্যবসা কেন্দ্রের সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে। এক্ষেত্রে, প্রয়োজনে ব্যাংক কর্মকর্তাদের দ্বারা পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

আপনাদের বিশ্বস্ত,

( আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২